**তাগিদ পত্র**

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**পরিচালকের কার্যালয়**
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর,
কক্ষ নং-০০৩, ব্লক-বি, নীচ তলা, পানি ভবন,
৭২ গ্রীনরোড (পান্থপথ), ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৯৭

**OFFICE OF THE DIRECTOR**
DTE. OF ESTATE & TRANSPORT,
ROOM NO-003, BLOCK-B, GROUND FLOOR, PANIBHABAN,
72 GREENROAD (PANTHAPATH), DHAKA-1205.
PHONE: 02222230097
E-mail:dir.estate@bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.২৬.১১৬.২২-৮৩৪

তারিখঃ ১৩ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুন, ২০২৪খ্রিঃ

বিষয়ঃ **উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অনুমোদিত টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণ/ব্যবহারের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ (১) জনপ্রশাসন মন্ত্রণালয় (পরিবহন শাখা) এর স্মারক নং-০৫.০০.০০০০.১২১.১৪.০১৫.২৩.১৪৪, তারিখ: ২১/০৩/২০২৪খ্রিঃ।
(২) পানি সম্পদ মন্ত্রণালয়, প্রশাসন-১ শাখা এর স্মারক নং-৪২-০০.০০০০.০৩১.২৬.০১৪.২২.১৮১, তারিখ: ২৮/০৩/২০২৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাপাউবোর্ড কর্তৃক বাস্তবায়নকৃত উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ীসমূহ TO&E ভুক্ত করে ব্যবহার করার নিমিত্ত উহার তথ্যাদি পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। সূত্রস্থ ১ নং স্মারক মোতাবেক সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৫.২৬.১১৬.২২-৬৩৮, তারিখ: ২২/০৪/২০২৪খ্রিঃ এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন শাখা হতে চাহিত তথ্য প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি অধিকাংশ দপ্তর হতে তথ্যাদি পাওয়া যায়নি। এমতাবস্থায়, ২৬/০৬/২০২৪খ্রিঃ তারিখে অনুষ্ঠিত গাড়ীসমূহের প্রয়োজনীয় তথ্য সংগ্রহের সমস্যা ও সমাধান সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত ছক মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহনের তথ্যাদি **আগামী ০৭ (সাত) কর্মদিবসের** মধ্যে কোন রকম ব্যত্যয় ছাড়া প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলোঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল | ক্রয়কৃত যানবাহনের ধরণ | যানবাহনের সংখ্যা | সচল ও অচল গাড়ীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

২। উল্লিখিত তথ্যাদি হার্ডকপি এবং সফটকপি (ওয়ার্ড/এক্সেল ফাইল; ই-মেইল: dir.estate@bwdb.gov.bd) সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

৩। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধানগণকে তাঁর আওতাধীন দপ্তরসমূহের তথ্য সংগ্রহপূর্বক সমন্বিত আকারে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অন্যান্য দপ্তর প্রধানগণ তথ্যাদি সরাসরি সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরে প্রেরণ করবেন।

৪। সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৫.২৬.১১৬.২২-৬৩৮, তারিখ: ২২/০৪/২০২৪খ্রিঃ অনুযায়ী যাঁরা উপর্যুক্ত 'ছক' পূরণ করেননি/ আংশিক পূরণ করেছেন তাঁদেরকেও প্রদত্ত 'ছক' মোতাবেক তথ্য (কলাম-৪ এ গাড়ীর নম্বরসহ) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের সদয় নির্দেশনা রয়েছে।

২৭/০৬/২৪

(মোঃ আবদুল মতিন)
পরিচালক
সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

দপ্তর প্রধান (সকল), ..................................................

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):**
১। সিএসওটু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/ পশ্চিম রিজিয়ন/ পূর্ব রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

D:\Letter Others.docx